



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**25 May 2026**

**7:35 AM IST**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুমু আজ নতুন দিল্লীতে রাষ্ট্রপতি ভবনে পদ্ম পুরস্কার-২০২৬ প্রদান করবেন । সামাজিক মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রক থেকে জানানো হয়েছে যে রাষ্ট্রপতি শ্রীমতি মুমু , পদ্ম বিভূষণ , পদ্ম ভূষণ এবং পদ্মশ্রী পুরস্কার প্রদান করবেন । এবছর সরকার ১৩১ জনকে পদ্ম পুরস্কার প্রদান করবে । এরমধ্যে পাঁচজন পদ্ম বিভূষণ , ১৩ জন পদ্ম ভূষণ এবং ১১৩ জন পদ্মশ্রী পুরস্কার পাচ্ছেন । আসামে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থকে মরোনতর পদ্মশ্রী পুরস্কার প্রদান করা হচ্ছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে ,রবিবার আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে মনের ভাব ব্যক্ত করবেন । এটি হবে মন কি বাত অনুষ্ঠানের ১৩৪তম পর্ব । জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ নম্বরে ফোন করে নিজেদের মতামত বা পরামর্শ

পাঠাতে পারবেন । জনসাধাৰন ১৯২২ নম্বৰে মিসড কল দিয়ে পাওয়া লিংকৰ মাধ্যমেও নিজেদের মতামত প্রধানমন্ত্ৰীৰ কাছে পাঠাতে পারবেন । এছাড়া জনসাধাৰন নমো এ্যাপ বা মাই গভট ওপেন ফোৱামেৰ মাধ্যমেও আগামী ২৯শে মেৰ মধ্যে পৰামৰ্শ পাঠাতে পারবেন । এই অনুষ্ঠান আকাশবাণী ও দূৰদৰ্শনেৰ সবকটি নেটওয়ার্ক সহ আকাশবাণীৰ ওয়েব সাইট এবং নিউজ অন এ আই আৰ মোবাইল এ্যাপেৰ মাধ্যমেও শোনা যাবে । প্রধানমন্ত্ৰীৰ কাৰ্যলয় , তথ্য ও সম্প্ৰচাৰ মন্ত্ৰক , আকাশবাণী ও দূৰদৰ্শনেৰ ইউ টিউভ চ্যানেলেৰ মাধ্যমেও এই অনুষ্ঠান প্ৰচাৰ কৰা হবে । আকাশবাণী অনুষ্ঠানটি প্ৰচাৰ হওয়ার ঠিক পৰেই আঞ্চলিক ভাষায় অনুবাদ প্ৰচাৰ কৰবে ।

---

মুখ্যমন্ত্ৰী ড: হিমন্ত বিশ্ব শৰ্মা গতকাল নতুনদিল্লীতে গৃহ নিৰ্মান এবং নগৰ উন্নয়ন নিগম লিমিটেডেৰ অধ্যক্ষ সঞ্জয় কুলশ্ৰেষ্ঠেৰ সঙ্গে সাক্ষাৎ কৰে ৰাজ্যে বৰ্তমানে চলতে থাকা কয়েকটি প্ৰকল্পেৰ সফল বাস্তবায়ন নিয়ে আলোচনা কৰেন । এই প্ৰকল্পগুলি সম্পূৰ্ণ হলে আসামেৰ পৰিকাঠামো , জনসেবা ও সামগ্ৰীক বিকাশেৰ ক্ষেত্ৰে নতুন গতি আসবে বলে মুখ্যমন্ত্ৰী আশা কৰেন । এৰ আগে মুখ্যমন্ত্ৰী সকালে দিল্লীৰ এস পি মাৰ্গে নিৰ্মীয়মান আসাম ভবনেৰ নিৰ্মাণ কাজ পৰিদৰ্শন কৰেন ।

এদিকে গত শনিবাৰ মুখ্যমন্ত্ৰী ড: শৰ্মা নতুনদিল্লীতে কেন্দ্ৰীয় অৰ্থমন্ত্ৰী নিৰ্মলা সীতাৰমণেৰ সংগে দেখা কৰে ৰাজ্যেৰ বিকাশ ও উন্নয়নেৰ আগামী দিনেৰ ৰূপৰেখা নিয়ে আলোচনা কৰেন ।

---

আসাম বিধানসভায় আজ রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্যের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কে আলোচনা করা হবে এবং মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা এই আলোচনার উত্তর দেবেন । সরকার আগামীকাল বিধানসভায় অভিন্ন দেওয়ানী বিধি সম্পর্কিত বিল পেশ করবে এবং বিলটি নিয়ে সভায় আলোচনা করা হবে ।

উল্লেখ্য ষোড়শ আসাম বিধানসভার অধিবেশন আরো একদিন বাড়ানো হয়েছে । বিধানসভার অধ্যক্ষ রঞ্জিত কুমার দাসের পৌরহিত্যে আয়োজিত কার্য উপদেষ্টা সমিতির বৈঠকে শাসক - বিরোধী উভয় পক্ষের বিধায়কদের সম্মতিতে বিধানসভার কাজকর্ম একদিন বাড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এখন অধিবেশন আগামী ২৭শে মে শেষ হবে ।

---

শ্রীভূমি জেলায় ঈদ-উজ আজহা উৎসব শান্তিপূর্ণভাবে পালন করতে জেলায় ২৪ ঘন্টা কর্মক্ষম থাকা একটি কন্ট্রল রুম খোলা হয়েছে যার টেলিফোন নম্বর হচ্ছে -৮০৯৯৬৬২২৭৫ ।

সম্প্রতি অতিরিক্ত আয়ুক্ত মারিয়া তানিমের পৌরহিত্যে আয়োজিত সভায় কোরবানী প্রকাশ্য স্থানে না করতে আহ্বান জানানো হয়েছে । পাশাপাশি কোরবানীর বর্জ্য ভালোভাবে মাটিতে পুতে ফেলতে এবং কোরবানীর মাংস পরিবহন না করে , ঔই স্থানেই নিজেদের মধ্যে বিতরন করতে আহ্বান জানানো হয় । এছাড়া কোরবানীর দৃশ্য সামাজিক মাধ্যমে পোষ্ট না করতেও অনুরোধ করা হয়েছে ।

---

আসাম সরকারের ভাষিক সংখ্যালঘু উন্নয়ন বোর্ডের উদ্যোগে আগামী পয়লা জুন শ্রীভূমির সরস্বতী বিদ্যানিকেতনে জেলা ভিত্তিক রবীন্দ্র নৃত্য ও রবীন্দ্র সঙ্গীত প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে যে প্রতিযোগীতাটি দুটি বিভাগে অনুষ্ঠিত হবে । প্রথম বিভাগে থাকবে রবীন্দ্র সঙ্গীত এবং দ্বিতীয় বিভাগে থাকবে রবীন্দ্র নৃত্য । উভয় বিভাগের জন্য তিনটি বয়সভিত্তিক গ্রুপ নির্ধারণ করা হয়েছে । উল্লেখ্য নবীন প্রজন্মের মধ্যে রবীন্দ্র সংস্কৃতির চর্চা ও সাংস্কৃতিক প্রতিভার বিকাশ ঘটাতেই এই উদ্যোগ গ্রহন করা হয়েছে ।

---

পূর্ত বিভাগের শিলচর সড়ক ডিভিশন শাখার কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে উধারবন্দ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত গুয়াবাড়ী থেকে লুটেরতল পর্যন্ত সড়কে থাকা একটি সেতুতে ভাঙ্গান দেখা দেওয়ায় , এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই সড়ক বন্ধ থাকবে বলে জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলার জাতীয় স্বাস্থ্য মিশন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে ভাইরাল হেপাটাইটিস -এ ও ই সহ ডায়ারিয়া , কলেরা , টাইফয়েড ও আমাশয়ের মতো জলবাহিত রোগের সম্ভাব্য ঝুঁকির বিষয়ে জনসাধারণকে সচেতন থাকতে আহ্বান জানানো হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে বর্ষাকালে অতিবৃষ্টির ফলে পানীয় জলের উৎস দূষিত হওয়া এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থার অবনতির কারণে সংক্রামক রোগের প্রকোপ বেড়ে যায় । এ ক্ষেত্রে জনসাধারণকে নিরাপদ পানীয় জল ব্যবহার , খাদ্য

নিরাপত্তা বজায় রাখা , ব্যক্তিগত পরিচ্ছন্নতা এবং পরিবেশগত স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে বলা হয়েছে ।

---